

Narajole Raj College.

P-1 CC-10 → Uttam Chakraborty

Q:→ মুক্তিদাতা জার দ্বিতীয় আলেকজাণ্ডার — : মহামুক্তির অনুশাসন ও তার তাৎপর্য

Ans:→

ক্রিমিয়ার যুদ্ধে পরাজয়সূত্রে রুশ রাষ্ট্র ব্যবস্থার পচনশীল দিকগুলি উদ্ঘাটিত হয়, এ কারণে জার দ্বিতীয় আলেকজাণ্ডার বিবিধ সংস্কারের প্রলেপ লাগিয়ে সেই ক্ষতগুলি নিরাময়ের বিষয়ে উদ্যোগী হন। যুগধর্মের মর্মকথা ~~ক~~ বুঝেই জার এ সময় বুঝে ফেলেন — উপর তলা থেকে সংস্কারের উদ্যোগ না ~~নিলে~~ নেওয়া হলে নীচের তলার মানুষেরা সবকিছুই ভেঙ্গে ফেলবে। এই অনুভূতির কারণে ক্রিমিয়ার যুদ্ধের পর জার বিবিধ সংস্কারের বিষয়ে উদ্যোগী হন।

জারের সংস্কার সমূহের মধ্যে সবিশেষ উল্লেখযোগ্য হল ভূমিদাস প্রথার বিলুপ্তি সাধন। এ সময় তাঁর ধারণা হয়েছিল — ভূমিদাস প্রথা বিলুপ্ত হলে রুশ জনসাধারণ শ্রেণী বৈষম্যের অভিশাপ মুক্ত হয়ে একটি শক্তিশালী জাতিতে পরিণত হয়ে উঠবে। আশিয়ার সার্বিক ক্ষেত্রে নয় ফলে এক আমূল পরিবর্তন আসবে। তেজী হয়ে উঠবে রুশ রাষ্ট্র ও তার অর্থনীতি।

১৮৬১ সালের ১৯শে ফেব্রুয়ারী জার Edict of Emancipation — এর মাধ্যমে রুশ ভূমিদাসদের দাসত্ব হতে মুক্তি দেন। মুক্তির ঘোষণাপত্র সূত্রে রুশ ভূমিদাসেরা বিবিধ স্বাধীনতা লাভ করে। তারা প্রজায় পরিণত হয়, এবং দুটি জমিতে তাদের স্থানটি নির্দিষ্ট হয়ে যায়।

ঘোষণাপত্রে বলা হয় — ভূমিদাসমাত্রই তার মোট চাষের জমির অধিকার পাবে, এবং তাদের বার্ষিক ৬½% সুদে ৪৯ বছরের কিস্তিতে ~~[illegible]~~ ভূস্বামীর দৃষ্টি ভূমির মূল্য মোট ধরে হবে।

মুক্তির ঘোষণাপত্রে বলা হয় — ইউক্রেন এবং আরো কয়েকটি অঞ্চল সমূহ প্রদেশে 'মির' নামে পরিচিত সমিতিগুলি কৃষকদের পক্ষে ভূস্বামীদের কাছ থেকে সরকারের অধিগ্রহণ করা জমি নিয়ন্ত্রণ করবে।

Scanned with CamScanner





Scanned with CamScanner